

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬২৪

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - মুমূর্ষ্ব ব্যক্তির নিকট যা বলতে হয়

আরবী

وَعَن عَائِشَةَ قَالَتْ: إِنَّ أَبَا بَكْرٍ قَبَّلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مَيِّتُ. رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه

বাংলা

১৬২৪-[৯] 'আয়িশাহ্ (রাঃ) হতে এ হাদীসটি বর্ণিত। তিনি বলেন, আবূ বকর সিদ্দীক্ক (রাঃ)নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর পর তাঁকে (চেহারা মুবারাকে) চুমু খেয়েছিলেন। (তিরমিয়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: আত্ তিরমিয়ী ৯৮৯, নাসায়ী ১৮৪০, ইবনু মাজাহ্ ১৪৫৭, বুখারী, ৪৪৫৫, ৫৭০৯, ইবনু আবী শায়বাহ্ ১২০৬৬, আহমাদ ২০২৬, ইবনু হিব্বান ৩০২৯, শারহুস্ সুন্নাহ্ ১৪৭১, শামায়েল ৩২৭, ইরওয়া ৬৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাফিয ইবনে হাজার বলেন, মৃত ব্যক্তিকে চুম্বন দেয়া সম্মান ও বারাকাত হিসেবে দেয়া বৈধ। শাওকানী বলেন, সাহাবীদের কেউ অস্বীকার করেনি (চুম্বন করাকে) আবূ বাকর-এর ওপর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন